শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চকবিরাম, নওগাঁ।

মুজিব শতবর্ষ MUJIB 100

ফোন # ০২৫৮৮৮৮২৫৯৯
e-mail : naogaonpbs1 @ gmail.com
Web : www.pbs1.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪০০.৫৩৬.০২.০০৮.২৩. ৭০৯

তারিখ- ২১ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ।
০৬ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ।

" নিয়োগ বিজ্ঞপ্তি "

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে নিম্নোক্ত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে "বিলিং সহকারী" পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা মহিলা নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। নিম্নোক্ত ছকে পদ সংক্রান্ত বিস্তারিত তথ্য উল্লেখ করা হলো।

নিয়োগ বিজ্ঞপ্তি নং	পদের নাম	শূণ্য পদের সংখ্যা	বয়স সীমা	প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা	মজুরী	যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।
২০২২-২০২৩/০১	বিলিং সহকারী "কাজ নাই মজুরী নাই" (মহিলাদের জন্য সংরক্ষিত)	০৭ (সাত) টি পদ। (নিয়োগ প্রদানকালীন এর সংখ্যা কম/বেশী হতে পারে)	০৭/০৩/২০২৩ খ্রিঃ বয়সসীমা নূন্যতম ১৮ বছর এবং ২১/০৩/২০২৩ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ২১/০৩/২০২৩ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ৩২ বছর।	(ক) প্রার্থীকে এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার এবং দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে। (গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) টি শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ (ত্রিশ) টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।	দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা	নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী (নওগাঁ সদর, নিয়ামতপুর, বদলগাছী, মান্দা, রানীনগর, আত্রাই উপজেলা এবং মহাদেবপুর উপজেলার ভীমপুর ও চেরাগপুর ইউনিয়ন এবং বগুড়া জেলার আদমদিঘী উপজেলার সান্তাহার ইউনিয়নের ছাতনী, ঢেকড়া, প্রান্নাথপুর, দারিয়াপুর, কেল্লাপাড়া, পানলা, ডাংগাপাড়া ও চকজান গ্রামের) স্থায়ীভাবে বসবাসকারী শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলীঃ

০১। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট www.pbs1.naogaon.gov.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্র সহ)। আবেদন ফরম A-4 সাইজের কাগজে হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফরম (ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আবেদন ফর্মটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে।

০৩। অসম্পূর্ণ আবেদন ফর্ম অর্থাৎ নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে " প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর চাহিত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের অনুলিপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহনযোগ্য নয়), নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ, সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি (১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং জেনারেল ম্যানেজার, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, চকবিরাম, নওগাঁ এর অনুকূলে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্ত সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যে সত্যতা প্রমাণিত হলে যে কোন সময় তার প্রার্থীতা বাতিল বা পরবর্তীতে চাকুরীচ্যুত করা হবে।

০৭। বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের নাগরিক নয় এ রকম কোন ব্যক্তিকে বিয়ে করলে বা বিয়ে করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকলে অথবা যদি তিনি পূর্ববর্তী নিয়োগকারী কর্তৃক সততা, নৈতিক স্থলনের কারণে অপসারিত বা বরখাস্তকৃত হয়ে থাকেন অথবা যদি দেশের কোন ফৌজদারি আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়ে থাকেন তাহলে উক্ত প্রার্থী বা আবেদনকারী নিয়োগ লাভের জন্য বিবেচিত হবেন না।

০৮। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমে স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে প্রার্থীর কোন দাবীও গ্রহনযোগ্য হবে না। প্রতিষ্ঠানের যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

০৯। চাকুরীতে যোগদানের পূর্বে/পরে প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কাজের অনুমতিপত্র বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

১০। কোন কারন দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদন গ্রহন বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১। সরকারী, আধা-সরকারী,স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১২। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১৩। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষায় সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৪। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে যথাযথ সনদ (সরকারী নির্দেশনা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) এর অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখ পূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ইউনিয়ন পরিষদ/ পৌরসভা মেয়র/ সিটি কর্পোরেশন /জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার এর প্রত্যয়ন পত্রের মুলকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৫। প্রার্থীকে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর যে কোন অফিসে চাকুরী করতে বাধ্য থাকতে হবে।

১৬। আবেদনকারীকে নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের (ক্রমিক নং-০১) আবেদনপত্র স্বহস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদি সহ আগামী **২১/০৩/২০২৩** খ্রিঃ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিস যোগে প্রেরণ করতে হবে। বিলম্বে প্রেরিত আবেদন বাতিল বলে গন্য হবে।

১৭। যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ রবিউল হক)
জেনারেল ম্যানেজার।
নওগাঁ পবিস-১

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (আইসিটি) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। {ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো}
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ....পবিস-১/২/৩/৪।
০৬। জেলা প্রশাসক, নওগাঁ।
০৭। পুলিশ সুপার, নওগাঁ।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, নওগাঁ সদর, নিয়ামতপুর, মান্দা, বদলগাছী, রানীনগর, আত্রাই উপজেলা।
০৯। সকল ডিজিএম, নওগাঁ পবিস-১।
১০। সকল এজিএম, নওগাঁ পবিস-১।
১১। এজিএম (প্রশাসন), নওগাঁ পবিস-১।- পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১২। এজিএম (আইটি), নওগাঁ পবিস-১।- ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৩। নোটিশ বোর্ড, নওগাঁ পবিস-১।

(মোঃ মনিরুল ইসলাম)
এজিএম (মানব সম্পদ) অঃ দাঃ।